গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ম্যাজিস্ট্রেট এর কার্যালয়
(জে.এম শাখা)
চট্টগ্রাম।
www.chittagong.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪২.১৫০০.৫০২.০৬.০২০.২০২৫(অংশ)- ৫৫৮ তারিখ : ২০/০৫/২০২৫খ্রি.

বিষয় : বিশ্ব তামাকমুক্ত দিবস-২০২৫ উদযাপন উপলক্ষে জেলা শহরের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের জন্য "তামাক বিরোধী রচনা প্রতিযোগিতা" আয়োজন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের আলোকে বিশ্ব তামাকমুক্ত দিবস-২০২৫ উদযাপন উপলক্ষে জেলা শহরের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের জন্য সংযুক্ত পত্রের নির্দেশনা মোতাবেক ৩১ মে ২০২৫ খ্রি: তারিখের পূর্বে "তামাক বিরোধী রচনা প্রতিযোগিতা" আয়োজনপূর্বক প্রতিযোগিতার ফলাফল অত্র কার্যালয়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: ০২(দুই) পাতা।

২০/০৫/২৫
শাহীদ ইশরাক
সহকারী কমিশনার
জেএম শাখা, চট্টগ্রাম
ফোন নাম্বার : ০২-৪১৩৬০৯৪৫

জেলা শিক্ষা অফিসার
চট্টগ্রাম।

অনুলিপি: সিভিল সার্জন,চট্টগ্রাম

জেলা তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়ন ও কোর কমিটির ত্রৈমাসিক সভা আয়োজন সম্পর্কে নির্দেশনা
জেলা পর্যায়ে তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়ন টাস্কফোর্স কমিটির প্রতিটি সভার জন্য ১২,০০০/- টাকা করে ৪টি সভার জন্যে মোট (৪×১২,০০০)=৪৮,০০০/- (আটচল্লিশ হাজার টাকা) অর্থ বরাদ্দ প্রদান করা হয়েছে। বরাদ্দকৃত অর্থ তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়ন টাস্কফোর্স কমিটির ত্রৈমাসিক সভা আয়োজনের নিমিত্ত আপ্যায়ন খাতে ব্যয় করতে হবে।
• টাস্কফোর্স সভায় "জেলা তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়ন টাস্কফোর্স কমিটির" সকল সদস্যের অংশগ্রহণ নিশ্চিত করতে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে; • 'জেলা তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়ন টাস্কফোর্স কমিটি'-এর টিওআর-১২ অনুসারে কমিটিতে স্থানীয় সরকারি/বেসরকারি কলেজ, মাধ্যমিক বিদ্যালয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের ০১ জন করে প্রতিষ্ঠান প্রধানকে কো-অপ্ট করতে হবে। সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক এ মনোনয়ন দেবেন; • কমিটির কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে।
জেলা টাস্কফোর্স কমিটির ত্রৈমাসিক সভার প্রতিবেদন/কার্যবিবরণী, গৃহীত সিদ্ধান্তসমূহের অগ্রগতি প্রতিবেদন এবং অধিন সকল উপজেলার প্রতিবেদন সমন্বিত করে সভা অনুষ্ঠিত হওয়ার ১৫ কর্মদিবসের মধ্যে জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেলে আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে। ➢ প্রতিবেদন প্রেরণ করার ঠিকানা: ক) ডাকযোগে: জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল, আনসারি ভবন (৫ম তলা), ১৪/২ তোপখানা রোড, ঢাকা-১০০০। খ) ই-মেইল: ntcc_bangladesh@yahoo.com
তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়ন টাস্কফোর্স কমিটির সদস্য ও কমিটির কার্যক্রম সংক্রান্ত সরকারি আদেশ এবং প্রতিবেদনের নির্ধারিত ফরম্যাট জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেলের ওয়েবসাইট (www.ntcc.gov.bd) থেকে সংগ্রহ করতে হবে। ➢ টাস্কফোর্স কমিটির আদেশ: ওয়েবসাইটের হোম পেজ >>> অফিস অর্ডার/সার্কুলার [https://ntcc.gov.bd/page/office-order-circular] ➢ ওয়েবলিংক: ওয়েবসাইটের হোম পেজ >>> রিসোর্স >>> ডাটা [https://ntcc.gov.bd/page/data]

জেলা পর্যায়ে ৩১ মে বিশ্ব তামাকমুক্ত দিবস উদযাপন সম্পর্কে নির্দেশনা	
১।	বরাদ্দকৃত অর্থ '৩১ মে বিশ্ব তামাকমুক্ত দিবস, ২০২৫' উদযাপনের নিমিত্ত আলোচনা সভা ও র‍্যালি আয়োজন [ব্যানার, কেক্টুন] করার মাধ্যমে ব্যয় করতে হবে।
২।	র‍্যালিতে জেলা তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়ন টাস্কফোর্স কমিটির সদস্যগণের উপস্থিতি নিশ্চিত করতে হবে। এ ছাড়া, এলাকার সংশ্লিষ্ট গণ্যমান্য ব্যক্তিবর্গ, এনজিও/সিভিল সোসাইটির প্রতিনিধি, ছাত্র-ছাত্রী ও জনসাধারণের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে র‍্যালি আয়োজনের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৩।	র‍্যালি ও আলোচনা সভার ছবিসহ সংক্ষিপ্ত প্রতিবেদন জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেলের ই-মেইল: ntcc_bangladesh@yahoo.com-এ বিশ্ব তামাকমুক্ত দিবস উদযাপনের ০৭ কর্মদিবসের মধ্যে প্রেরণ করতে হবে।

জেলা পর্যায়ে 'বিশ্ব তামাকমুক্ত দিবস-২০২৫' উদযাপন উপলক্ষে তামাক বিরোধী প্রচার-প্রচারণার নিমিত্ত প্রয়োজনীয় দিক-নির্দেশনা	
উদ্দেশ্য	জনসাধারণ বিশেষ করে ভবিষ্যৎ প্রজন্ম তথা শিক্ষার্থীদের মধ্যে- ▪ ধূমপান ও তামাক সেবন এবং পরোক্ষ ধূমপানের ক্ষতিকর দিক সম্পর্কে সচেতনতা বৃদ্ধি; ▪ ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন এবং বিধিমালা সম্পর্কে সচেতনতা বৃদ্ধি।
কার্যক্রম	শিক্ষার্থীরাই দেশের ভবিষ্যৎ। সুস্থ ও সবল জাতি গঠনে শিক্ষার্থীদের স্বাস্থ্যগত নিরাপত্তা নিশ্চিত করা আমাদের অন্যতম প্রধান দায়িত্ব। সাধারণ ধূমপানের অভ্যেস থেকেই ক্ষতিকর অন্যান্য নেশার পথে পা বাড়ায় শিশু-কিশোররা। এ প্রেক্ষাপটে শিক্ষার্থীদের মধ্যে বিশেষভাবে ধূমপান ও তামাক সেবন এবং পরোক্ষ ধূমপানের ক্ষতিকর দিক এবং 'ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন ২০০৫' ও সংশ্লিষ্ট বিধিমালার বিষয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিশ্ব তামাকমুক্ত দিবস-২০২৫ উদযাপনের অংশ হিসেবে জেলা শহরের মাধ্যমিক ও কলেজ পর্যায়ের শিক্ষার্থীদের জন্য 'তামাক বিরোধী রচনা প্রতিযোগিতা' আয়োজন করতে হবে [১০০০ শব্দের মধ্যে]। ▪ দিবসটির' সাথে সামঞ্জস্য রেখে রচনার বিষয় স্থানীয়ভাবে নির্ধারণ করতে হবে; ▪ জেলা শহরের সকল মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের প্রতিযোগীতায় অংশগ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে; ▪ ৩১ মে, ২০২৫ তারিখের পূর্বে রচনা প্রতিযোগীতার যাবতীয় কার্যক্রম সম্পন্ন করতে হবে; ▪ রচনা প্রতিযোগীতা সম্পাদনের সাথে সংশ্লিষ্টদের সম্মানী প্রদানে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়-এর নির্দেশনা অনুসরণ করতে হবে;

CamScanner

- প্রতিযোগীদের প্রয়োজনানুসারে খাতা ও কলম সরবরাহ করতে হবে;
- 'তামাক বিরোধী রচনা প্রতিযোগিতা'-য় বিজয়ী প্রথম তিনজন [১ম, ২য় ও ৩য়] প্রতিযোগীকে পুরস্কৃত করতে হ
[সনদ এবং নগদ অর্থ] [১ম=৫০০০/-, ২য়=৪০০০/-, ৩য়=৩০০০/-];
- বিশ্ব তামাকমুক্ত দিবস উপলক্ষে ৩১ মে, ২০২৫ তারিখ আয়োজিতব্য অনুষ্ঠানে এ পুরস্কার প্রদান করতে হবে;
- রচনা প্রতিযগিতায় ১ম স্থান অধিকারী প্রতিযোগীর লিখিত রচনার কপি শিক্ষা প্রতিষ্ঠানের নাম ও শ্রেণি উল্লেখপূ
প্রতিযোগীর এক কপি রঙিন ছবিসহ ১৫ জুন, ২০২৫ তারিখের মধ্যে জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল-এ প্রেরণ কর
হবে।

বিশ্ব তামাকমুক্ত দিবস-২০২৫ সালের বাংলা প্রতিশ্রুতি পরবর্তীতে পত্রের মাধ্যমে/ইমেইলে জানিয়ে দেয়া হবে।

জেলা পর্যায়ে 'নো-স্মোকিং' সাইনেজ/অন্যান্য আইইসি ম্যাটেরিয়াল মুদ্রণ ও বিতরণ উপলক্ষে বিস্তারিত নির্দেশনা

১। জেলা পর্যায়ে 'নো-স্মোকিং' সাইনেজ **অর্থবছরের উল্লেখসহ** মুদ্রণপূর্বক সকল সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত অফিসে তা
বিতরণ করতে হবে। মুদ্রিত সাইনেজ উপরিল্লিখিত প্রতিষ্ঠানসমূহের দৃশ্যমান স্থানে লাগানোর/স্থাপনের বিষয়টি নিশ্চিত করতে
হবে।

২। 'নো-স্মোকিং' সাইনেজ স্টিকার আকারে মুদ্রণ করার অনুরোধ করা হ'ল। 'নো-স্মোকিং' সাইনেজ -এর সম্ভাব্য স্পেসিফিকেশনঃ
সাইজ- ২৫ সেন্টিমিটার বাই ৫০ সেন্টিমিটার; কালার- ০৪ কালার মুদ্রণ; পেপার- উন্নতমানের স্টিকার পেপার; প্রিন্ট- গ্লসি
ল্যামিনেশন প্রিন্ট ['নো-স্মোকিং' সাইনেজ এর নমুনা নিচে দেয়া হ'ল]:

৩।



৪। নো-স্মোকিং সাইনেজ মুদ্রণের ক্ষেত্রে উপরোক্ত ডিজাইন অনুসরণ করতে হবে। এ ছাড়া, মুদ্রিত সাইনেজ বিতরণের তালিকা
ডাকযোগে/ইমেইল-এ জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেলে প্রেরণ নিশ্চিত করতে হবে।